সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

স্টাফ কাউন্সিল রেজুলেশন



রেজুলেশন নং ০৩/২০২২ তারিখ: ২৭-০৩-২০২২ সময়: সকাল ১০:০০ টা

| এজেন্ডা নং | আলোচ্য বিষয় | বিষয়বস্তু সম্পর্কে বিস্তারিত আলোচনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | শুভেচ্ছা বিনিময় ও সভা আহবানের যৌক্তিকতা | সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। অত:পর সভাপতি অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম এর অনুরোধক্রমে অদ্যকার সভা আয়োজনের প্রেক্ষাপট বিস্তারিতভাবে তুলে ধরেন শিক্ষক পরিষদের যুগ্ম-সম্পাদক জনাব বিধান চন্দ্র রায়। | সকল সদস্য অদ্যকার সভা আয়োজনের প্রেক্ষাপট বিস্তারিতভাবে শ্রবণ করে সন্তোষ প্রকাশ করেন। |
| ০১ | কলেজগেটের দুই পাশের দোকান/স্থাপনা উচ্ছেদ সংক্রান্ত | সভাপতি মহোদয় ১ নং এজেন্ডার উপর আলোচনার সূত্রপাত করে বলেন, দোকান/স্থাপনা কোনোভাবেই রাখা যাবে না। বিগত ২৮/১০/২০২১ তারিখে দোকান বা স্থাপনার প্রতিনিধিগণের সাথে অনুষ্ঠিত মতবিনিময় সভায় সিদ্ধান্ত হয়েছিল ০৬(ছয়) মাস পর তারা তাদের স্থাপনা অপসারণ করবে। ০৬(ছয়) মাস মেয়াদ আগামী এপ্রিল মাসে শেষ হবে। বর্ণিত অবস্থায় আমাদের করণীয় নির্ধারণ করতে হবে।<br>শিক্ষকগণ আলোচনায় অংশগ্রহণ করে সীমানা প্রাচীর রং করে সৌন্দর্য বর্ধনের প্রস্তাব করেন। এ কাজে বার্জার গ্রুপের সহায়তা পাওয়া যেতে পারে বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। বার্জার গ্রুপের সাথে যোগাযোগ করার জন্য জনাব মো: সগাতুল আলম-কে অনুরোধ করা হয়। | দোকান/স্থাপনা অপসারণের প্রাথমিক নোটিশ ইস্যু করার সিদ্ধান্ত গৃহীত হয়। স্থাপনা অপসারণ পরবর্তীকালে কাঁটাতার দিয়ে বেষ্টনী দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০২ | এপিএ কার্যক্রমে রিপোর্ট প্রণয়ন ও ফোকাল পয়েন্টের নিকট জমাদান | এপিএ কার্যক্রমে ৩য় ত্রৈমাসিক রিপোর্ট প্রণয়ন ও ফোকাল পয়েন্টের নিকট জমাদান বিষয়ে আলোচনা হয়।<br>অন্যান্য রিপোর্ট আগামী ৩১ মার্চ ২০২২ খ্রি. তারিখের মধ্যে এবং শিক্ষকগণ কর্তৃক গৃহীত ক্লাসের সংখ্যা সংক্রান্ত রিপোর্ট আগামী ৩ এপ্রিল ২০২২ খ্রি. তারিখের মধ্যে জমা দিতে নির্দেশনা দেয়া হয়। | |

সভাপতির স্বাক্ষর, তারিখ ও সীল:

(প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম), অধ্যক্ষ ও সভাপতি

শিক্ষক পরিষদের কর্মকর্তাদের স্বাক্ষর ও তারিখ:

১। (রহিমা খাতুন), সম্পাদক

২। (বিধান চন্দ্র রায়), যুগ্ম-সম্পাদক

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

স্টাফ কাউন্সিল রেজুলেশন

রেজুলেশন নং ০৩/২০২২ তারিখ: ২৭-০৩-২০২২ সময়: সকাল ১০:০০ টা

| এজেন্ডা নং | আলোচ্য বিষয় | বিষয়বস্তু সম্পর্কে বিস্তারিত আলোচনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০৩ | স্টাফ কাউন্সিল নির্বাচন সংক্রান্ত | সভায় মেয়াদ উত্তীর্ণ হওয়ায় স্টাফ কাউন্সিল নির্বাচনের কথা উত্থাপন করেন সভাপতি প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম। এরপর ২ জন শিক্ষক আলোচনায় অংশগ্রহণ করেন। সময় স্বল্পতার দরুন আলোচ্য বিষয়টি পরবর্তী স্টাফ কাউন্সিল মিটিং পর্যন্ত পেনডিং রাখা হয়। | |
| ০৪ | পাবলিক পরীক্ষার ইনভিজিলেটরের দায়িত্ব পালন সংক্রান্ত | সভায় পাবলিক পরীক্ষার ইনভিজিলেটরের দায়িত্ব পালন সংক্রান্ত নীতিমালার উপর আলাপ-আলোচনা অনুষ্ঠিত হয়। | আলোচনা শেষে যথাযথভাবে নীতিমালা অনুসরণ করে পাবলিক পরীক্ষার ইনভিজিলেটরের দায়িত্ব পালনে নির্দেশনা দেয়া হয়। |
| ০৫ | স্টাফ কাউন্সিল এবং শিক্ষকদের অনার বোর্ড স্থাপন সংক্রান্ত | সভায় সহযোগী অধ্যাপক জনাব মো: সাইফুর রহমান স্টাফ কাউন্সিলের কর্মকর্তা এবং শিক্ষকদের জন্য পৃথক অনার বোর্ড স্থাপনের প্রস্তাব করেন। আলাপ-আলোচনা অংশগ্রহণ করে উপস্থিত সদস্যগণ শিক্ষকদের জন্য অনার বোর্ড স্থাপন করা জটিল বলে অভিমত ব্যক্ত করেন এবং স্টাফ কাউন্সিলের কর্মকর্তাদের অনার বোর্ড স্থাপনের পক্ষে মতামত দেন। | যতদূর পর্যন্ত স্মরণ করা যায় সেই সময়কাল থেকে বর্তমান সময় পর্যন্ত স্টাফ কাউন্সিলের কর্মকর্তাদের নাম লিখে অনার বোর্ড স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৬ | কলেজের ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারি কল্যাণ সমিতির গঠনতন্ত্র অনুমোদন সংক্রান্ত | শিক্ষক পরিষদের যুগ্ম-সম্পাদক জনাব বিধান চন্দ্র রায় সভায় কলেজের ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারি কল্যাণ সমিতির খসড়া গঠনতন্ত্র অনুমোদনের জন্য পেশ করেন। এর উপর ব্যাপক আলাপ-আলোচনার পর কয়েকটি সংশোধনী উত্থাপিত হয়। | সভায় উত্থাপিত কয়েকটি সংশোধনীসহ খসড়া গঠনতন্ত্র চূড়ান্তভাবে অনুমোদিত হয়। |

সভাপতির স্বাক্ষর, তারিখ ও সীল:

(প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম), অধ্যক্ষ ও সভাপতি

শিক্ষক পরিষদের কর্মকর্তাদের স্বাক্ষর ও তারিখ:

১। (রহিমা খাতুন), সম্পাদক

২। (বিধান চন্দ্র রায়), যুগ্ম-স্মপাদক

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা



স্টাফ কাউন্সিল রেজুলেশন

রেজুলেশন নং ০৩/২০২২ | তারিখ: ২৭-০৩-২০২২ | সময়: সকাল ১০:০০ টা

| এজেন্ডা নং | আলোচ্য বিষয় | বিষয়বস্তু সম্পর্কে বিস্তারিত আলোচনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০৭ | বেসরকারি কর্মচারিদের বেতনে ফান্ড সংকটে অন্য ফান্ড থেকে অর্থ স্থানান্তর সংক্রান্ত | বেসরকারি কর্মচারিদের বেতনে ফান্ড সংকটে অন্য ফান্ড থেকে অর্থ স্থানান্তরে স্টাফ কাউন্সিলে অবগতি ও অনুমোদনের জন্য অধ্যক্ষ মহোদয় এ সংক্রান্ত কয়েকটি প্রস্তাবনা সভায় পেশ করেন (১) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভূক্তি নবায়ন মসজিদ তহবিলে স্থানান্তর (ঈমাম, মোয়জ্জেম এর বেতন পরিশোধের জন্য);<br>(২) সেমিনার তহবিল থেকে উত্তোলনপূর্বক উন্নয়নমূলক কাজে ব্যয়;<br>(৩) হোস্টেল তহবিল থেকে কলেজের বিবিধ কাজে ব্যয়;<br>(৪) ল্যাবরেটরি ফি তহবিল থেকে কলেজের মেরামত ও বিবিধ কাজে ব্যয়। | আলাপ-আলোচনা শেষে অধ্যক্ষ মহোদয় আনীত প্রস্তাবনা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। |
| ০৮ | বি এড অনার্সের আসন সংখ্যা বৃদ্ধিকরণের উদ্যোগ গ্রহণ সংক্রান্ত | সভায় জানানো হয় যে, বিগত ১৭/০১/২০২২ খ্রি. তারিখের স্টাফ কাউন্সিলের সভায় বি এড অনার্স কোর্সের আসন সংখ্যা ১০০ তে উন্নীতকরণের সিদ্ধান্ত হয়েছে। উল্লিখিত সিদ্ধান্ত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করার বিষয়ে সকল আলোচক সম্মতি প্রকাশ করেন। | কলেজ প্রশাসন এব্যাপারে কার্যকরি পদক্ষেপ গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৯ | বাউবি'র পরীক্ষা পরিচালনার কেন্দ্র ফি (বি এড ও এম এড) বৃদ্ধিকরণ সংক্রান্ত | বাউবি'র পরীক্ষা পরিচালনার কেন্দ্র ফি (বি এড ও এম এড) বৃদ্ধিকরণ সংক্রান্ত প্রস্তাব প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | কেন্দ্র ফি ও অন্যান্য আনুষঙ্গিক ফি বৃদ্ধিকরণের যুক্তিসংগত প্রস্তাব বাউবি কর্তৃপক্ষের নিকট প্রেরণ সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়। |

সভাপতির স্বাক্ষর, তারিখ ও সীল:

(প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম), অধ্যক্ষ ও সভাপতি

শিক্ষক পরিষদের কর্মকর্তাদের স্বাক্ষর ও তারিখ:

১। (রহিমা খাতুন), সম্পাদক

২। (বিধান চন্দ্র রায়), যুগ্ম-সম্পাদক

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

স্টাফ কাউন্সিল রেজুলেশন



রেজুলেশন নং ০৩/২০২২ তারিখ: ২৭-০৩-২০২২ সময়: সকাল ১০:০০ টা

| এজেন্ডা নং | আলোচ্য বিষয় | বিষয়বস্তু সম্পর্কে বিস্তারিত আলোচনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১০ | এইচএসটিটিআই, খুলনা কে সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা ক্যাম্পাস থেকে অন্যত্র স্থানান্তরের প্রস্তাব সংক্রান্ত | এই আলোচ্য সূচি উত্থাপনের যৌক্তকতা তুলে ধরে অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম বলেন, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনার পূর্ণাঙ্গা বিকাশ ও বিস্তারের জন্য এখানে জরুরি ভিত্তিতে স্থাপন করা দরকার (১) কলেজ অডিটোরিয়াম, (২) পরীক্ষার হল, (৩) শিক্ষক ডরমিটরি, (৪) ছাত্র/ছাত্রী মিলনায়তন, (৫) শিক্ষক লাউঞ্জ, (৬) মুক্তিযুদ্ধ কর্ণার, (৭) বঙ্গবন্ধু কর্ণার, (৮) মেডিকেল কর্ণার, (৯) শিক্ষার্থী পরামর্শদান কেন্দ্র, (১০) শহীদ মিনার, (১১) পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষ, (১২) কেন্দ্রীয় ভান্ডার কক্ষ (স্টোর), (১৩) ক্রীড়া কক্ষ, (১৪) ক্যান্টিন, (১৫) পাম্প হাউজ, (১৬) সাইকেল ও মটর সাইকেল গ্যারেজ, (১৭) অধ্যক্ষ কক্ষ সংলগ্ন ওয়েটিং রুম, (১৮) পূর্ণাঙ্গা অফিস কক্ষ, (১৯) একটি আধুনিক বহুতল একাডেমিক ভবন এবং (২০) একটি আধুনিক ছাত্র ও একটি আধুনিক ছাত্রী হোস্টেল। তিনি আরও যোগ করেন, এইসব স্থাপনা নির্মাণ করতে গেলে এইচএসটিটিআই, খুলনা কে সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা ক্যাম্পাস থেকে অন্যত্র স্থানান্তরের কোন বিকল্প নেই।<br>উপস্থিত সকল সদস্য অধ্যক্ষ মহোদয়ের বক্তব্যের প্রতি একযোগে সমর্থন জানান। | আলাপ-আলোচনা শেষে এইচএসটিটিআই, খুলনা কে সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা ক্যাম্পাস থেকে অন্যত্র স্থানান্তরের একটি সুনির্দিষ্ট প্রস্তাবনা যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | বিবিধ | বিবিধ আলোচনায় অংশ নিয়ে অধ্যক্ষ মহোদয় শিক্ষকদের প্রতি কিছু নির্দেশনা দেন, স্টাফ কাউন্সিলের চাঁদা আদায় রেজিষ্টারে মাধ্যমে এবং অফসেট পেপার সরবরাহ রেজিষ্টারে মাধ্যমে হতে হবে; যে কোন আবেদনের অফিস কপিতে সমস্ত ডকুমেন্ট সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারির নথিতে থাকতে হবে।<br>সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন। | |

সভাপতির স্বাক্ষর, তারিখ ও সীল:

(প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম), অধ্যক্ষ ও সভাপতি

শিক্ষক পরিষদের কর্মকর্তাদের স্বাক্ষর ও তারিখ:

১। (রহিমা খাতুন), সম্পাদক

২। (বিধান চন্দ্র রায়), যুগ্ম-সম্পাদক